

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.pabna.gov.bd

নম্বর- ০৫.৪৩.৭৬০০.০৩৬.৩৩.০৩৫.২৩- ২১১৫

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

বিষয়ঃ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলকারিদের ঋণখেলাপী, বিলখেলাপি সংক্রান্ত ও অন্যান্য তথ্য প্রদান।

সূত্রঃ নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৯.২৩-৭২৫, তারিখঃ ১৬ নভেম্বর ২০২৩ (পরিপত্র-২)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে পাবনা জেলার ০৫ (পাঁচ) টি নির্বাচনী এলাকার মনোনয়নপত্র দাখিলকারিদের তালিকা আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার পরে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা) এবং উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়, (সকল), পাবনা এবং উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়, পাবনা সদর/সুজানগর, পাবনায় প্রকাশ করা হবে এবং দাখিলকৃত মনোনয়নপত্র নিম্নের ছকে উল্লেখিত স্থান, তারিখ ও সময়ে বাছাই করা হবে।

ছক


ক্রমিক নং	নির্বাচনী এলাকার নম্বর ও নাম	মনোনয়নপত্র বাছাই		
		তারিখ	সময়	স্থান
১	২	৩	৪	৫
০১	৬৮, পাবনা-১	০৩-১২-২০২৩	সকাল ১০.০০	জেলা প্রশাসক, পাবনা এর সম্মেলন কক্ষ
০২	৬৯, পাবনা-২		বেলা ১১.০০	
০৩	৭০, পাবনা-৩		দুপুর ১২.০০	
০৪	৭১, পাবনা-৪	০৪-১২-২০২৩	সকাল ১০.০০	
০৫	৭২, পাবনা-৫		বেলা ১১.০০	

২। উপরিলিখিত কার্যালয়সমূহ হতে মনোনয়নপত্র দাখিলকারিদের তালিকা সংগ্রহপূর্বক যাচাইঅন্তে যদি মনোনয়নপত্র দাখিলকারী আপনার আওতাধীন প্রতিষ্ঠানে ঋণখেলাপী কিংবা বিলখেলাপী থাকেন তাহলে প্রয়োজনীয় কাগজপত্রসহ আপনি অথবা আপনার একজন উপযুক্ত প্রতিনিধিকে মনোনয়নপত্র বাছাই কালে উপস্থিত থেকে কোন আপত্তি/অভিযোগ/বিরূপ মন্তব্য থাকলে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পরে কোন অভিযোগ/বিরূপ মন্তব্য আমলে নেয়া হবে না।

৩। পরবর্তীতে এরূপ আমলযোগ্য বিরূপ তথ্য পাওয়া গেলে দায়-দায়িত্ব দাবীদার/পাওনাদার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপর বর্তাবে।

প্রাপকঃ

.....
.....
.....


২৩/১১/২০২৩
মুঃ আসাদুজ্জামান
জেলা প্রশাসক, পাবনা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন